সংবাদ

তারিখ 17 JUN 2008
পৃষ্ঠা ১ কলাম ২

# বিনামূল্যে ইন্টারনেট সংযোগ পাবে সরকারি প্রাথমিক বিদ্যালয়

সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে বিনামূল্যে ইন্টারনেট সংযোগ দেয়ার উদ্যোগ নিয়েছে বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি)। সরকারি বিশ্ববিদ্যালয়, কলেজ, মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোও হ্রাসকৃত মূল্যে এ সুবিধা পাবে।

শিক্ষা প্রতিষ্ঠানগুলো সরাসরি বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড অথবা ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারদের (আইএসপি) মাধ্যমে পাবে : পৃষ্ঠা : ১১ ক : ৪

## পাবে : সংযোগ

(১ম পৃষ্ঠার পর)

এ সুবিধা নিতে পারবে। বিডিনিউজ।

বিটিআরসি এসব প্রতিষ্ঠানের জন্য সাবমেরিন ক্যাবলের ব্যান্ডউইথ চার্জ পুনর্নির্ধারণ করেছে। গতকাল সোমবার আইএসপিগুলোকে চিঠি দিয়ে এ হার কার্যকর করতে বলা হয়েছে।

শিক্ষা প্রতিষ্ঠানের জন্য পুনর্নির্ধারিত চার্জ অনুসারে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো ৬৪ কিলোবিট/সেকেন্ড পর্যন্ত ব্যান্ডউইথের জন্য বিনামূল্যে সংযোগ পাবে।

সরকারি বিশ্ববিদ্যালয়, কলেজ, মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো সংযোগ পাবে ৭৫ ভাগ কম দামে।

এছাড়া বিভিন্ন সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা এবং কলসেন্টারগুলোকে ২০ থেকে ৬০ ভাগ কম দামে সংযোগ দেয়া হবে।

বিটিআরসির সচিব রফিকুল ইসলাম বলেন, 'শিক্ষা প্রতিষ্ঠানে কম খরচে ইন্টারনেট সংযোগ দেয়ার যে সিদ্ধান্ত নেয়া হয়েছে তা কার্যকর করতে আমরা আইএসপিগুলোকে অনুরোধ করেছি।'

বিটিআরসির চেয়ারম্যান অবসরপ্রাপ্ত মেজর জেনারেল মনজুরুল আলম বলেন, 'পরিবর্তনশীল বিশ্বে অন্যান্য যোগাযোগের সঙ্গে তথ্যপ্রযুক্তির ক্ষেত্রেও ব্যাপক পরিবর্তন ঘটেছে। কিন্তু আমাদের দেশে তথ্যপ্রযুক্তির সুফল প্রত্যাশিত পর্যায়ে পৌঁছেনি। তথ্যপ্রযুক্তিকে গ্রাম পর্যায়ে পৌঁছে দেয়ার জন্য সাবমেরিন ক্যাবলের ব্যান্ডউইথ চার্জ কমানো হয়েছে।'

তিনি বলেন, 'জনগণ যাতে এই হ্রাসকৃত মূল্যের সুফল পায়, সেজন্য সার্ভিস প্রোভাইডারদের উদ্যোগ নিতে হবে।'

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় চলতি বছরের জানুয়ারিতে সাবমেরিন কেবলের ব্যান্ডউইথ ফি পুনর্নির্ধারণ করে। আর মে মাসে কল সেন্টারগুলোর জন্য ব্যান্ডউইথ ফি ৬০ ভাগ কমানোর সিদ্ধান্ত হয়।